

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৪৭০০.০৪২.১৪.১২৫.১৯.২৩৬১

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০
০৫ ডিসেম্বর ২০২০


বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রস্তাবিত ০৯(নয়)টি ডাকাবাংলো মেরামত/সংস্কারের প্রয়োজনীয়তা সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ।

সূত্র : জেলা পরিষদ, খুলনা এর স্মারক জেপখ/এক-১/জি-০৩/২০২৩-২৪/৩৭০ (যুক্ত), তারিখ: ৩০ নভেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা ও সহকারী রিটার্নিং অফিসার, খুলনা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষে নির্বাচন সংশ্লিষ্ট ব্যক্তি/কর্মকর্তাগণ ব্যবহারের লক্ষ্যে খুলনা জেলা পরিষদের মালিকানাধীন সকল ডাকাবাংলো জরুরি ভিত্তিতে সংস্কারপূর্বক বসবাসের উপযোগী করণের জন্য পত্র দেন (কপি সংযুক্ত)। সে অনুযায়ী খুলনা জেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব তহবিলের আওতায় মোট নিম্নবর্ণিত ০৯(নয়)টি ডাকাবাংলো মেরামত/সংস্কারের প্রস্তাব পাওয়া গেছে:

ক্রম	ডাকাবাংলোসমূহের নাম	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)
১.	দাকোপ, বটিয়াঘাটা, রূপসা, তেরখাদা ও দিঘলিয়া	৫০.০০
২.	কয়রা, পাইকগাছা, মধুগ্রাম ও ফুলতলা	৫০.০০

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত ডাকাবাংলোসমূহ মেরামত/সংস্কারের প্রয়োজনীয়তা আছে কিনা তা সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ সামিউল হক
যুগ্মসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

পরিচালক,
স্থানীয় সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চেয়ারম্যান, জেলা পরিষদ, খুলনা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।